সংবাদ ০০.০০৭

তারিখ ... 28.3.85
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7

# মুক্ত বিশ্ববিদ্যালয় বহু লোকের জন্য শিক্ষার দুয়ার খুলে দেবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

"মুক্ত বিশ্ববিদ্যালয় উন্নয়নশীল দেশগুলোতে উচ্চশিক্ষার বিস্তারে বিশেষ অবদান রাখতে পারে। এ ধরনের প্রতিষ্ঠান স্বল্প ব্যয়ে অধিক সংখ্যক লোকের জন্য শিক্ষার দুয়ার খুলে দেয়।"

'উন্নয়নশীল দেশে মুক্ত বিশ্ববিদ্যালয়' বিষয়ক ওয়ার্কশপে অংশগ্রহণকারীরা এই অভিমত ব্যক্ত করেন। ঢাকায় আয়োজিত তিন দিনের এই আন্তর্জাতিক ওয়ার্কশপের গতকাল ছিল দ্বিতীয় দিন। বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিসট্যান্স এডুকেশন (বিআইডিই)-এর মিলনায়তনে এটি অনুষ্ঠিত হচ্ছে।

গতকালের ওয়ার্কশপে ছিল থাইল্যাণ্ডের ডঃ টং-ইন ওয়াং সোটনের একটি প্রবন্ধ এবং যুক্তরাজ্যের অধ্যাপক আর, সি স্মিথের ভাষণ। প্রবন্ধ ও ভাষণের ওপর পরে আলোচনা অনুষ্ঠিত হয়।

ডঃ ওয়াং সোটর্ন 'গোষ্ঠী শিক্ষার জন্য মুক্ত বিশ্ববিদ্যালয়' শীর্ষক প্রবন্ধে থাইল্যাণ্ডের সুখোথাই থামাথিরাট মুক্ত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম সম্পর্কে বক্তব্য রাখেন। এই বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো, শিক্ষা ব্যবস্থা এবং ছাত্র-ছাত্রী ও শিক্ষক সম্পর্কে বিস্তারিত বিবরণ দেন। তিনি বলেন, মুক্ত বিশ্ববিদ্যালয়টি দেশের শিক্ষার চাহিদা মেটাতে সক্ষম হয়েছে। সমাজের সব শ্রেণী ও গোষ্ঠীর লোক এই প্রতিষ্ঠান থেকে উপকৃত হচ্ছে। পুলিশ, সেনাবাহিনী সহ সরকারী কর্মচারীরাও চাকরিরত অবস্থাতেই এই বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষা গ্রহণের সুযোগ পাচ্ছেন। থাইল্যাণ্ডের এই মুক্ত বিশ্ববিদ্যালয়টি স্থাপিত হয় '৭৮ সালের সেপ্টেম্বরে। দক্ষিণ-পূর্ব এশিয়ায় এটিই প্রথম মুক্ত বিশ্ব-

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষার দুয়ার খুলে দেবে

(১ম পাতার পর)

বিদ্যালয়, যেখানে দূরশিক্ষণ' ব্যবস্থা রয়েছে। এই প্রতিষ্ঠানটির সাফল্য থেকে এই অঞ্চলের অন্যান্য দেশ অভিজ্ঞতা অর্জন করতে পারে।

অধ্যাপক স্মিথ তার ভাষণে 'দূরশিক্ষণ' সম্পর্কে বক্তব্য রাখেন। দূরশিক্ষণ ব্যবস্থা সম্পর্কে তার অভিজ্ঞতা বর্ণনা করে অধ্যাপক স্মিথ বলেন, বিভিন্ন দেশে এই ব্যবস্থার কার্যকারিতা ইতিমধ্যেই প্রমাণিত হয়েছে। এই ব্যবস্থার ফলে শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে থেকেও বিপুলসংখ্যক লোক শিক্ষার সুযোগ পায়, ফলে উচ্চশিক্ষার সুযোগ না পেয়ে শিক্ষাঙ্গন থেকে শিক্ষার্থীদের বিদায়ের পালা কমে আসে। অধ্যাপক স্মিথ দূরশিক্ষণ ব্যবস্থার জন্য আরও উন্নত পদ্ধতি উদ্ভাবনের ওপর গুরুত্ব আরোপ করেন।

ওয়ার্কশপে আলোচনায় অংশগ্রহণকারীরা দূরশিক্ষণ পদ্ধতি সম্পর্কে আলোচনাকালে বলেন, উন্নয়নশীল দেশ, বিশেষ করে এই অঞ্চলে মুক্ত বিশ্ববিদ্যালয়ের মতো শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজন রয়েছে। চীন ও থাইল্যাণ্ডে এই ধরনের শিক্ষা পদ্ধতি সফল হয়েছে।

আজ ওয়ার্কশপের শেষ দিন। ওয়ার্কশপের গ্রুপ রিপোর্ট ও সুপারিশমালা আজ চূড়ান্ত হবে।

ওয়ার্কশপে নরওয়ে, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, পাকিস্তান, মালদ্বীপ, নেপাল, থাইল্যাণ্ড ও শ্রীলংকা থেকে ১৪ জন প্রতিনিধিসহ মোট ৪০ জন অংশ নিচ্ছেন।